# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 25 June, 2025

জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠার লক্ষ্যে রাজনৈতিক দলগুলোর সঙ্গে দ্বিতীয় ধাপের ষষ্ঠ দিনের সংলাপে বসেছে জাতীয় ঐকমত্য কমিশন।

বুধবার (২৫ জুন) বেলা ১১টায় রাজধানীর বেইলী রোডের ফরেন সার্ভিস একাডেমির 'দোয়েল মাল্টিপারপাস হলে' এ বৈঠক শুরু হয়।

এই পর্বে আলোচনার মূল বিষয়গুলো হলো–

রাষ্ট্রের মূলনীতি

দ্বি-কক্ষ বিশিষ্ট সংসদ ও উচ্চ কক্ষের নির্বাচন পদ্ধতি

জাতীয় সাংবিধানিক কাউন্সিল (এনসিসি) গঠন কাঠামো

রাষ্ট্রপতি নির্বাচন পদ্ধতি

নারী প্রতিনিধিত্ব

কমিশনের ভাইস চেয়ারম্যান অধ্যাপক আলী রীয়াজ বৈঠকে সভাপতিত্ব করেন।

কমিশনের সদস্যদের মধ্যে রয়েছেন:

বিচারপতি মো. এমদাদুল হক, বদিউল আলম মজুমদার, আইয়ুব মিয়া, ইফতেখারুজ্জামান ও সফর রাজ হোসেন।

বৈঠকে ৩০টি রাজনৈতিক দলের প্রতিনিধি উপস্থিত ছিলেন।

কমিশনের বিশেষ সহকারী মনির হায়দার জানান, আলোচনা কিছু ক্ষেত্রে অমিমাংসিত থাকলেও পারস্পরিক সহনশীলতা ও পরামর্শের ভিত্তিতে ঐকমত্য অর্জনের চেষ্টা চলছে।

বক্তব্যে আলী রীয়াজ বলেন:

“আমরা রক্তের ইতিহাস পেরিয়ে এখানে এসেছি।জবাবদিহিমূলক রাষ্ট্র প্রতিষ্ঠার সংগ্রাম চলেছে বহু বছর ধরে।এই প্রক্রিয়ায় সবাইকে খানিক ছাড় দিয়ে এগিয়ে আসতে হবে।”

ঈদের আগে প্রথম পর্বের আলোচনার ধারাবাহিকতায় গত ২ জুন দ্বিতীয় ধাপের বৈঠক শুরু হয়।ঈদের পর এই আলোচনা চলছে টানা তিন দিন ধরে।

জাতীয় ঐকমত্য জাতীয় ঐকমত্য কমিশন আলী রীয়াজ জাতীয় সাংবিধান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 June, 2025 23:10

URL: https://timestodaybd.com/national/3664969825